FEB 8 2001

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক ইনকিলাব

সিনেট নির্বাচন

# শিক্ষক রাজনীতির আবর্তে চট্টগ্রাম ভার্সিটিতে দুর্যোগ ঘনিয়ে এসেছে

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় রিপোর্টার : সিনেট নির্বাচনকে কেন্দ্র করে আওয়ামীপন্থী গোলাপী দলের শিক্ষকদের মধ্যে তীব্র উত্তেজনা দেখা দিয়েছে। ভিসি পদের দ্বন্দ্বে বহুল আলোচিত প্রো-ভিসি ডঃ আবু ইউসুফ ও ভিসি মান্নানের অনুগতদের পরস্পরবিরোধী বিষোদগার এখন বিস্ফোরণের পর্যায়ে পৌঁছেছে। প্রো-ভিসিপন্থী বিদ্রোহীদের কতিপয় বক্তব্যের জবাবে ভিসিপন্থীরা গতকাল (মঙ্গলবার) শিক্ষকদের কাছে অত্যন্ত স্পর্শকাতর এক দীর্ঘ লিফলেট বিতরণ করেছেন। এতে বর্তমান প্রশাসনের অভ্যন্তরে লুকিয়ে থাকা অনেক থলের বিড়াল বেরিয়ে এসেছে।

অন্যদিকে ছাত্রলীগ ক্যাডাররা সোমবার দিবাগত রাতে ক্যাম্পাসে ব্যাপক গুলীবর্ষণ ও বোমা বিস্ফোরণ ঘটিয়ে এক নৈরাজ্যকর পরিস্থিতি সৃষ্টি করে। ওয়াকিফহাল মহল আশঙ্কা করেছেন, ফায়দা লুটের শিক্ষক রাজনীতির আবর্তে ভার্সিটিতে আবারও দুর্যোগের সময় ঘনিয়ে এসেছে।

আগামী শনিবার অনুষ্ঠেয় সিনেট নির্বাচনে গোলাপী দলের যে ৯ জন বিদ্রোহী প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন তারা একটি পৃথক ম্যানিফেস্টো প্রচার করছেন। তাতে ভিসি মান্নানসহ গোলাপী দলের নীতিনির্ধারকদের বিরুদ্ধে ব্যাপক অনিয়মের অভিযোগ আনা হয়। নিবেদিতপ্রাণ শিক্ষকদের বঞ্চিত করে গোষ্ঠীপ্রীতির আলোকে মনোনয়ন এবং আপসকামিতা হয়েছে। এই প্রশাসন বিভিন্ন ক্ষেত্রে নিয়মনীতি লংঘন করে পদোন্নতি প্রদান এবং প্রতিক্রিয়াশীলদের তোষণ করে ক্ষমতায় থাকতে হচ্ছে বলে মন্তব্য করে তারা শেখ মুজিবের আদর্শের জবাবদিহিতামূলক প্রশাসন প্রতিষ্ঠা এগিয়ে আসার জন্য শিক্ষকদের প্রতি আহবান জানান।

এই ম্যানিফেস্টোতে নিবেদনে কারও নাম না থাকায় গোলাপী দলের আহবায়ক ডঃ অনুপম সেন পৃথক এক বিবৃতিতে জানান, তার স্বাক্ষরবিহীন কোন প্যানেল দলের অনুমোদিত নয়। এর জবাবে বিদ্রোহীরা গতকাল আরও একটি ম্যানিফেস্টোতে জানিয়েছেন যে, নির্বাচনে ড. অনুপম সেনের স্বাক্ষর ব্যবহার সংশ্লিষ্ট শিক্ষকদের আদর্শিক দেউলিয়াত্ব প্রমাণ করে। এতে প্রশাসনের বিরুদ্ধে অভিযোগ আনা হয় যে, নিয়মবহির্ভূত পদোন্নতি, গোপন আঁতাতের মাধ্যমে প্রতিপক্ষকে জব্দ করা, ভয়ভীতি দেখিয়ে ভোট আদায়, কিছু কিছু শিক্ষকদের ফাইল আটকে রাখা প্রভৃতি গত চার বছরে ঘটেছে। এসব অভিযোগের জন্য তারা সরাসরি ভিসি মান্নানের নাম না বললেও ভিসি ও ভিসিপন্থী কয়েকজনকে ইংগিত করেছেন।

অন্যদিকে গতকাল বিদ্রোহীদের জবাবে যে লিফলেট ছাড়া হয়েছে তাতে প্রো-ভিসি ডঃ আবু ইউসুফ ও তার অনুসারীদের সম্পর্কে নানান অনিয়মের তথ্য, এমনকি নারী কেলেংকারির মত স্পর্শকাতর তথ্যও বাদ যায়নি। তাতে ইসলামের ইতিহাসের শিক্ষক ও প্রো-ভিসি ডঃ আবু ইউসুফকে অত্যন্ত প্রতিক্রিয়াশীল ও উচ্চাভিলাষী হিসেবে অভিহিত করে বলা হয়, তার বিভিন্ন অপকর্মের কারণে চট্টগ্রাম ভার্সিটি ১৫ বছর পিছিয়ে গেছে। শিক্ষকদের একটি বিরাট অংশ অন্যত্র চলে গেছে। গত কয়েকটি নির্বাচনে গোলাপী দলের পরাজয়ের পেছনে প্রো-ভিসিই দায়ী এমনকি, এসব কাজের জন্য তিনি নিজে বেনামী হ্যান্ডবিল প্রচারও করেন। প্রো-ভিসি তার উচ্চাভিলাষে লাশ ফেলার রাজনীতি করেন এবং ভার্সিটিকে বার বার অচল করে দেন। দুর্ঘটনার পর সহকর্মীদের অনুদান নিলেও এখন তিনি ৪ তলা ভবন নির্মাণ করেছেন। তার এসব কর্মকাণ্ডে কতিপয় শিক্ষক সরাসরি সহায়তা করছেন। এই বিরাট লিফলেট এখন শিক্ষকদের হাতে হাতে। এ নিয়ে গোলাপী দলে বেশ উত্তেজনা চলছে। এদিকে সোমবার রাতে ক্যাম্পাসে ছাত্রলীগের আকস্মিক গুলী ও বোমা ফাটানোতে সর্বত্র আতঙ্ক ছড়িয়ে পড়ে।